

## জগদীশ বসু জাতীয় বিজ্ঞান প্রতিভা সন্ধান

মৌলিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও ডাক্তারির পড়ুয়ারা  
জগদীশ বসু ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ-এর বৃত্তির  
জন্য আবেদন করতে পারে। কী ভাবে মিলবে এই বৃত্তি,  
আজ সেই তথ্য রইল প্ল্যানেট ক্যাম্পাসে

### জেবিএনএসটিএস সিনিয়র ট্যালেন্ট সার্চ

- এটি স্নাতক স্তরে পাঠরতদের জন্য সবচেয়ে মর্যাদাসম্পন্ন বৃত্তি। ১৯৬০ সাল থেকে প্রতি বছর এই বৃত্তি দেওয়া হচ্ছে
- বিই/এমবিবিএস/এমএসসি পাঠ্যক্রম শেষ না-হওয়া পর্যন্ত প্রাপকদের প্রতি মাসে ১০০০ টাকা করে অনুদান দেওয়া হয়। বই কেনার জন্য বছরে দেওয়া হয় ১০০০ টাকা
- পড়ুয়াদের বিজ্ঞান সংক্রান্ত বিভিন্ন আলোচনাসভা, শিক্ষামূলক ভ্রমণ এবং গবেষণা মূলক কাজে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়

### কারা আবেদন করতে পারে

- যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং বর্তমানে পশ্চিমবঙ্গে নথিভুক্ত কলেজ-বিশ্ববিদ্যালয়ে বেসিক সায়েন্স, ইঞ্জিনিয়ারিং বা ডাক্তারির প্রথমবর্ষে পড়ছে, তারা আবেদন করতে পারবে

### পরীক্ষা

- লিখিত পরীক্ষা (পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা)
- মৌলিক প্রশ্নোত্তর পর্ব (লিখিত পরীক্ষার পরে বাছাই ছাত্রছাত্রীদের জন্য)
- বৈজ্ঞানিক উদ্ভাবনী শক্তি যাচাইয়ের পরীক্ষা দ্বিতীয় পর্যায়ের পর বাছাই পড়ুয়াদের জন্য নেওয়া হবে



website : <http://planetcampus.eismay.com>

facebook : [www.facebook.com/esplanetcampus](http://www.facebook.com/esplanetcampus)



প্ল্যানেট ক্যাম্পাস-এর সব টাটকা খবর ও আপডেট জানার জন্য শুনতে থাকুন রেডিয়ো মির্চি

### কী ভাবে আবেদন

- আবেদনপত্র কলেজের অধ্যক্ষের কাছ থেকে পাওয়া যাবে। অথবা জেবিএনএসটিএস-এর কার্যালয়ে ১০ টাকার স্ট্যাম্প লাগানো খাম পাঠালেও মিলবে
- মিলবে ওয়েবসাইটেও: <http://www.jbnsts.org> \* আবেদন করার জন্য ২০০ টাকা মূল্যের ব্যাঙ্ক ড্রাফট 'Jagadish bose national Science Talent Search'-এর পক্ষে পাঠাতে হবে